**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়**
**চট্টগ্রাম**

## -: এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি :-

এ বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটসমূহ এবং জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্রে জুলাই-২০২৬ সেশনে এম.ফিল./পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**এম.ফিল প্রোগ্রামে (পূর্ণকালীন/খণ্ডকালীন) ভর্তির যোগ্যতা ঃ**

এ বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশের অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রীধারী প্রার্থীগণ এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বিদেশী বিশ্ববিদ্যালয়ের সমমানের ডিগ্রীধারী প্রার্থীরাও এম.ফিল. প্রোগ্রামে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন। এম.ফিল. প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্র কর্তৃক গবেষণা প্রস্তুতি এবং বিষয়ভিত্তিক জ্ঞানের বিষয়ে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার জন্য নির্ধারিত ফি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্রে নগদ জমা দিতে হবে।

**ভর্তির যোগ্যতা:**

১. এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীদের এস.এস.সি./দাখিল ও এইচ.এস.সি./আলিম বা সমমানের পরীক্ষায় প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং অনার্স ও মাস্টার্স উভয় পরীক্ষায় মোট সিজিপিএ/জিপিএ কমপক্ষে ৬.৫০ এবং প্রতিটিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে।
২. ৫ বছর মেয়াদী এমবিবিএস/বিডিএস/বি.ফার্ম. ডিগ্রীধারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩. শ্রেণিভিত্তিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের অনার্স ও মাস্টার্স উভয় পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি এবং এস.এস.সি./দাখিল ও এইচ.এস.সি./আলিম বা সমমানের পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বরসহ দ্বিতীয় বিভাগ থাকতে হবে।
৪. বিদেশী প্রার্থীদের IELTS স্কোর ন্যূনতম ৬.০/TOEFL স্কোর ন্যূনতম ৫৫০/iBT-তে ন্যূনতম স্কোর ৭৫ অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সমমানের ইংরেজি দক্ষতার সনদ থাকতে হবে। ইংরেজি ব্যতীত অন্য ভাষায় যে সকল গবেষক থিসিসের কাজ সম্পাদন করবেন তাঁদের জন্য এ ধারাটি প্রযোজ্য হবে না।

**পিএইচ.ডি. প্রোগ্রামে (পূর্ণকালীন/খণ্ডকালীন) ভর্তির যোগ্যতা:**

এ বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশের অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্র কর্তৃক গবেষণা প্রস্তুতি এবং বিষয়ভিত্তিক জ্ঞানের বিষয়ে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার জন্য নির্ধারিত ফি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্রে নগদ জমা দিতে হবে।

**ভর্তির সাধারণ যোগ্যতা:**

১. পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীদের এস.এস.সি./দাখিল ও এইচ.এস.সি./আলিম বা সমমানের পরীক্ষায় প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং অনার্স ও মাস্টার্স উভয় পরীক্ষায় মোট সিজিপিএ/জিপিএ কমপক্ষে ৬.৭৫ এবং প্রতিটিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ৩.২৫ থাকতে হবে।
২. শ্রেণিভিত্তিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের অনার্স ও মাস্টার্স উভয় পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি থাকতে হবে। এস.এস.সি./দাখিল ও এইচ.এস.সি./আলিম বা সমমানের পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বরসহ দ্বিতীয় বিভাগ থাকতে হবে।
৩. বিদেশী প্রার্থীদের IELTS স্কোর ন্যূনতম ৬.০/TOEFL স্কোর ন্যূনতম ৫৫০/iBT-তে ন্যূনতম স্কোর ৭৫ অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সমমানের ইংরেজি দক্ষতার সনদ থাকতে হবে। ইংরেজি ব্যতীত অন্য ভাষায় যে সকল গবেষক থিসিসের কাজ সম্পাদন করবেন তাঁদের জন্য এ ধারাটি প্রযোজ্য হবে না।

**বিভিন্ন এন্ট্রি ট্র্যাকে ভর্তির শিক্ষাগত যোগ্যতা (ভর্তির সাধারণ যোগ্যতার শর্তসমূহ পূরণ করা বাধ্যতামূলক):**

১. দেশী/বিদেশী স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.ফিল. ডিগ্রিধারী অথবা বিদেশী স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রিধারী আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
২. স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে মোট সিজিপিএ/জিপিএ ৭.০০ এবং প্রতিটিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ৩.২৫ ও peer-reviewed journal-এ প্রকাশিত কমপক্ষে একটি গবেষণা প্রবন্ধ থাকতে হবে।
৩. স্বীকৃত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে অনার্স ও মাস্টার্স কোর্সে ০৫ (পাঁচ) বছরসহ ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকগণ এবং উক্ত শিক্ষকতা জীবনে peer-reviewed journal-এ প্রকাশিত কমপক্ষে ১ (এক)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে।
৪. এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ যাঁদের peer-reviewed journal-এ প্রকাশিত কমপক্ষে একটি গবেষণা প্রবন্ধ আছে তাঁরা আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
৫. ৫ বছর মেয়াদী এমবিবিএস/বিডিএস/বি.ফার্ম. ডিগ্রীধারী প্রার্থীগণ যাঁদের peer-reviewed journal-এ দুটি প্রকাশনা আছে তাঁরা আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
৬. সরকারী/সরকারী-অধিভুক্ত/স্বায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন গবেষণা কর্মকর্তাবৃন্দ যাঁদের স্বীকৃত মানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ৩ (তিন)টি গবেষণা প্রবন্ধ আছে তাঁরা আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
৭. বিদেশী কোনো স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে "স্যান্ডউইচ পিএইচ.ডি." প্রোগ্রামের অধীনে পিএইচ.ডি. ছাত্র হিসেবে নিবন্ধিত গবেষকগণ আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

চাকুরীরত প্রার্থীদেরকে তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। পূর্ণকালীন গবেষক হিসেবে এম. ফিল./পিএইচ.ডি. প্রোগ্রামে চাকুরীরত প্রার্থীদেরকে ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.cu.ac.bd হতে ভর্তির নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে ৮০ গ্রাম লিগ্যাল সাইজের অফসেট কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী/জনতা ব্যাংকের যে কোন শাখা হতে ইস্যুকৃত ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন ফরম ০৬/০৮/২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসের উচ্চশিক্ষা ও গবেষণা শাখায় জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। **ভর্তি সংক্রান্ত অন্যান্য সকল নিয়মাবলী প্রার্থীদের নিজ দায়িত্বে প্রশাসনিক ভবন, উচ্চশিক্ষা ও গবেষণা শাখা, ৫ম তলা, ৮ ও ৯ নম্বর কক্ষ অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.cu.ac.bd হতে জানা যাবে এবং এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স উল্লিখিত ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।**

30-6-2026

**(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: জি- ৪৭৯(১১)/৭৬২৬/সাঃ তারিখ : ৩০/০৬/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪. ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৫. সকল বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৬. কলেজ পরিদর্শক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৭. গ্রন্থাগারিক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৮. সকল হলের প্রভোস্ট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৯. হিসাব নিয়ামক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১০. পরীক্ষা নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১১. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১২. পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [সংযুক্ত বিজ্ঞপ্তি ও ফরম দু'টি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সংযুক্ত করার অনুরোধ করা হল]।
১৩. পরিচালক, চ.বি. জাদুঘর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১৪. পরিচালক, গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১৫. ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১৬. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১৭. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১৮. ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফী শাখা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১৯. ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের সাথে সংযুক্ত শাখা, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২০. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২১. ম্যানেজার, অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক পিএলসি লিমিটেড, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২২. অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম/কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা/ পরিচালক, মা ও শিশু হাসপাতাল, আগ্রাবাদ, চট্টগ্রাম।
২৩. বিজ্ঞপ্তি ফলক ।

30.06.26

(মোঃ ইসকান্দর সিরাজ)
ডেপুটি রেজিস্ট্রার
উচ্চশিক্ষা ও গবেষণা শাখা
রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ।